



তথ্যবিবরণী

নম্বর: ২২৩

## জাতীয় ভোটার দিবসে রাজশাহী নির্বাচন দপ্তরের কর্মসূচি

রাজশাহী; ১৬ ফাল্গুন (০১ মার্চ):

আগামীকাল রবিবার (০২ মার্চ) ৭ম জাতীয় ভোটার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'তোমার আমার বাংলাদেশে, ভোট দিব মিলেমিশে'। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে রাজশাহী আঞ্চলিক নির্বাচন দপ্তর নানা কর্মসূচি গ্রহণ করেছে।

এ উপলক্ষ্যে ওই দিন বেলা এগারোটায় আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বের হয়ে বিভাগীয় কমিশনার কার্যালয়ে শেষ হবে। বেলা সাড়ে এগারোটায় বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার এবং পুলিশ সুপার ফারজানা ইসলাম।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.১০ঘ.